

**বাংলাদেশ কৃষি ব্যাংক**  
**মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর**

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর জানুয়ারী' ২০২১ হতে মার্চ' ২০২১ সময়কালের  
১ম প্রাপ্তিকের শুদ্ধাচার ও নেতৃত্বক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঝ জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময়	ঝ ২৫-০৩-২০২১ খ্রি, বিকাল ৪.০০ ঘটিকা
স্থান	ঝ মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর।
উপস্থিতি	ঝ পরিচিষ্ঠা "ক"

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার শুরুত তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সাময়িক উন্নয়নে শুরুতপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামূলী দূর্মুক্ত পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রয়োজন ও বাস্তবায়ন সময়ে পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানের শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্মুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের মুখ্য কর্মকর্তা ও ফেকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুস্তাফিজুর রহমান জানুয়ারী' ২০২১ হতে মার্চ' ২০২১ সময়কালের ১ম প্রাপ্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অঙ্গতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

খ) ধান আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো অত্যাবশ্যক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ৩১-০৩-২০২১ এর মধ্যে পত্রযোগে অবহিত করতে হবে।

গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিবরে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত শুরুতপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। জানুয়ারী থেকে মার্চ' ২০২১ ত্রৈমাসিকে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় ১৬টি শাখাই পরিদর্শন করেছেন। কোন শাখার অর্ধবার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করা হলে আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে গণশুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানী করবেন এবং আগামী ৩০-০৬-২০২১ এর মধ্যে সকল শাখার গণশুনানী সম্পন্ন করা হবে।

  
জনাব মুহাম্মদ শহিদুল ইসলাম  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক


ও  
সভাপতি

সূত্র নং-মুআকা/মাদারী/গ্রন্থা-১২(শুদ্ধাচার)/২০২০-২০২১/১৪৫৮(১০)

তারিখ : ২৫-০৩-২০২১ খ্রি:

সদয় অবগতি ও থর্যোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মাদারীপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মাদারীপুর মুখ্য অঞ্চল।
- ০৬। নথি/মহানথি।

  
( মুস্তাফিজুর রহমান )  
মুখ্য কর্মকর্তা